

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২২/২০১৬

তারিখঃ ১৭/০৪/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি,

৪ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ

২৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দকে জানানো যাইতেছে যে, আগামী ০৪/০৫/২০১৬ তারিখ (বুধবার) অপরাহ্ন ৩-০০ ঘটিকায় এসোসিয়েশনের ২৯তম বার্ষিক সাধারণ সভা সি এন্ড এফ টাওয়ারে (১৩ তম তলায়) অনুষ্ঠিত হইবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো যাইতেছে।


আলোচ্যসূচী :

- ০১। ১২/০৫/১৫ ইং তারিখে অনুষ্ঠিত ২৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চয়করণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০১৫ ইং সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০১৫ ইং সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০১৬ ইং সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০১৬ ইং সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁহাদের সম্মানী নির্ধারণ।
- ০৭। এসোসিয়েশনের নব গঠিত উপদেষ্টা পরিষদের অনুমোদন।
- ০৮। এসোসিয়েশনের উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা বর্ধিত করা।
- ০৯। বন্দর অভ্যন্তরে পরিচালিত টেম্পো সার্ভিস ফি প্রতি ৪ বছরের জন্য ১,০০০/- টাকার স্থলে ১৬০০ টাকা নির্ধারণের জন্য টেম্পো পরিচালনা কমিটির প্রস্তাব প্রসঙ্গে।
- ১০। কল্যাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য জনাব মোস্তফা কামাল আখতার এর দায়িত্ব পালনে অপারগতা প্রসঙ্গে।
- ১১। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনিতে হইবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহণ করিলে তাঁহার কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহণ করিলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হইতে প্রতিষ্ঠানের লেটার হ্যাডে প্রাধিকার পত্র আনিতে হইবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হইলে উক্ত দলিলাদি প্রয়োজন হইবে।



এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক